

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৩২.১৮-৩৫৩

তারিখ: ১২ পৌষ ১৪২৫

২৬ ডিসেম্বর ২০১৮

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলার আদেশের আলোকে নওগাঁ জেলার সদর উপজেলাধীন গোয়ালী আলিম মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: মাহতাব হোসেন এর পূর্ণ বেতন ও ভাতাদি প্রদান প্রসঙ্গে।

- সূত্র: (১) মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলার আদেশ তারিখ: ১০.১১.২০১৫ খ্রি।
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৩২.১৮-১৭৯ তারিখ: ২১.০৫.২০১৮ খ্রি।
(৩) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৩২.১৮-২৩২ তারিখ: ১০.০৭.২০১৮ খ্রি।
(৪) সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: মাহতাব হোসেন এর আবেদন তারিখ: ২৯.০৭.২০১৮ খ্রি।
(৫) জেলা শিক্ষা অফিসারের স্মারক নং-জেশিঅ/নওগাঁ/৬২১ তারিখ: ০৫.০৮.২০১৮ খ্রি।
(৬) গোয়ালী আলিম মাদ্রাসার (ভারপ্রাপ্ত) অধ্যক্ষ এর জবাব তারিখ: ২৪.০৭.২০১৮ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার সদর উপজেলাধীন গোয়ালী আলিম মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: মাহতাব হোসেনকে ১৫-১১-২০১৪ খ্রি: তারিখে গভর্ণিং বডি কর্তৃক সাময়িক বরখাস্ত করা হয় মর্মে আবেদনকারীর আবেদন থেকে জানা যায়।

০২. উল্লেখ্য যে জনাব মো: মাহতাব হোসেন বর্ণিত প্রতিষ্ঠানটি দাখিল স্তরে থাকাকালে সুপার হিসেবে নিয়োগ প্রাপ্ত। পরবর্তীতে প্রতিষ্ঠানটি আলিম স্তরে উন্নীত করা হলে দাখিল স্তরের সুপার জনাব মো: মাহতাব হোসেন বিধিমোতাবেক অধ্যক্ষের দায়িত্ব পালন করছিলেন মর্মে জানা যায়।

০৩. মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং ৩৬৫৭/২০১৫ এর আদেশে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়েছে:

“According, we declare that in the absence of any law providing otherwise, no person shall be kept under suspension beyond 60 (sixty) days from the date of his/her suspension. If the suspension continues for further period, exceeding 60 (sixty) days, then the person suspended shall be entitled to receive full pay, instead of subsistence allowance, till the suspension order/ letter ends up in a final order.”

০৪. মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে কোন শিক্ষক /কর্মচারী কে ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি পূর্ণ বেতন ও অন্যান্য ভাতা সমূহ প্রাপ্য হবেন মর্মে নির্দেশনা জারী করা হয়েছে।

০৫. সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: মাহতাব হোসেন কর্তৃক উপস্থাপিত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, তাঁকে (জনাব মো: মাহতাব হোসেন) ১৫-১১-২০১৪ খ্রি: তারিখে সাময়িক বরখাস্ত করায় তাঁর সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০(ষাট) দিনের বেশি হয়েছে বিধায় জনাব মো: মাহতাব হোসেন তাঁর পদের পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী পাওয়ার আইনগত অধিকারী।

০৬. প্রাপ্ত কাগজপত্র পর্যালোচনায় আরো দেখা যায় যে, সূত্রে বর্ণিত ০২ ও ০৩ নং স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক

অধ্যক্ষ জনাব মো: মাহতাব হোসেনকে পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) প্রদান করতে নির্দেশনা দেয়া হলেও অধ্যক্ষ ভারপ্রাপ্ত তা বাস্তবায়ন না করে অত্র অধিদপ্তরে একটি জবাব দাখিল করেন যা ভিত্তিহীন মর্মে প্রতীয়মান হয়।

০৭. মহামান্য হাইকোর্টের রায় অনুযায়ী মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অমান্য করা সুস্পষ্টভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষের সহিত অসদাচরণ হিসেবে গণ্য।

০৮. এমতাবস্থায় উপরে বর্ণিত অনুচ্ছেদ সমূহের আলোকে নওগাঁ জেলার সদর উপজেলাধীন গোয়ালী আলিম মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: মাহতাব হোসেনকে মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক তাঁর পূর্ণাঙ্গ বেতন ভাতাদি (এমপিও) প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রে বর্ণিত (২) এবং (৩) নং স্মারকের মাধ্যমে মহোদয়কে অনুরোধ করা হয়েছিল কিন্তু গৃহীত পদক্ষেপে এ অধিদপ্তর সন্তোষজনক নয় বিধায় ৩য় বারের মতো পত্র প্রেরণ করা হল এবং আগামি ১৫.০১.২০১৯ খ্রি: তারিখের মধ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অবহিত করার জন্য অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) গোয়ালী আলিম মাদ্রাসাকে নির্দেশক্রমে অনুরোধ করা হল। ব্যর্থতায় আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে।

Najnin

২৭-১২-২০১৮

নাজনীন সুলতানা

সহকারী পরিচালক

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

গোয়ালী আলিম মাদ্রাসা ডাক: শিকারপুর, উপজেলা: নওগাঁ
সদর, জেলা: নওগাঁ।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৩২.১৮- /১(৯)

তারিখ: ১২ পৌষ ১৪২৫

২৬ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২) জেলা প্রশাসক, নওগাঁ। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪) জেলা শিক্ষা অফিসার, নওগাঁ। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা: নওগাঁ সদর, জেলা: নওগাঁ। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৬) সভাপতি, গভর্নিং বডি, গোয়ালী আলিম মাদ্রাসা, ডাক: শিকারপুর, উপজেলা: নওগাঁ সদর, জেলা: নওগাঁ। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, নওগাঁ শাখা, উপজেলা: নওগাঁ সদর, জেলা: নওগাঁ। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৮) সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ, জনাব মো: মাহতাব হোসেন, গোয়ালী আলিম মাদ্রাসা, ডাক: শিকারপুর, উপজেলা: নওগাঁ সদর, জেলা: নওগাঁ।
- ৯) অফিস কপি।

Najnin

২৭-১২-২০১৮

নাজনীন সুলতানা